# নীলফামারী পৌরসভা কার্যালয়
## নীলফামারী।
### নগর সমন্বয় কমিটির (TLCC)'র এর ত্রৈ-মাসিক সভার কার্যবিবরণী
### অক্টোবর-ডিসেম্বর/২০১৯ খ্রিঃ

| | | | |
|---|---|---|---|
| **সভাপতি ঃ জনাব দেওয়ান কামাল আহমেদ<br>মেয়র, নীলফামারী পৌরসভা।** | **সভার স্থান ঃ নীলফামারী পৌরসভা মিলনায়তন** | **সভার তারিখ ঃ<br>২৪/১২/২০১৯খ্রিঃ** | **সময় ঃ ১১.০০ ঘটিকা।** |

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য

সভার শুরুতেই সম্মানীত সদস্যবৃন্দের উপস্থিতিতে সভার কার্যাদি শুরু হয়। সভার প্রারম্ভে জনাব মোঃ খাইরুল ইসলাম পবিত্র কোরআন তেলাওয়াত করেন, পবিত্র গীতা থেকে পাঠ করেন জনাব শ্রী দুলাল চন্দ্র
রায়, বিলক্লাক, নীলফামারী পৌরসভা, নীলফামারী । সভাপতি মহোদয় নগর সমন্বয় কমিটি (TLCC)-এর সম্মানিত সকল সদস্যকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্য আরম্ভ করেন

সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ ফরিদ আহমেদ, ঠিকাদান সুপার ভাইজার নোটিশের আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্য শুরু করেন এবং নিম্নরূপ মতে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য সূচী - ১ ঃ বিগত সভার কার্য বিবরণী পঠন ও অনুমোদন।**

| বিগত সভার কার্য বিবরণী পাঠ | কার্য বিবরণী সঠিকভাবে লিখিত হওয়া বিষয়ে আলোচনা | প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে) | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| জনাব মোঃ আফজালুল হক অত্র পৌরসভার কোষাধ্যক্ষ গত ২৫/০৯/২০১৯ তারিখের সভার কার্য বিবরণী সভায় পাঠ করে শোনান। | কার্য-বিবরণী সঠিকভাবে লিখিত হয় ও সদস্যদের মধ্যে বিতরণ করা হয়। | কোন সংশোধনী নেই | বিগত সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো। |

**আলোচ্য সূচী - ২ ঃ UGIIP-III এর আওতায় UGIAP বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।**

**ক্ষেত্র-১ ঃ নাগরিক সচেতনতা ও তাদের অংশগ্রহণ**(Citizen Awareness and Participation)

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ক) | TLCC গঠন ও কার্যকর রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ১১৫ ধারা) | TLCC সম্মানিত সদস্য সচিব জনাব মোঃ মশিউর রহমান জানান যে, অত্র পৌরসভায় ২০১২সাল থেকে নিয়মিতভবে ত্রৈ-মাসিক ভিত্তিতে TLCC সভা যথাসময়ে অনুষ্ঠিত হয় এবং যথাসময়ে কার্যবিবরণী PMO-তে প্রেরণ করা হয়ে থাকে। ২৫/০৯/২০১৯ তারিখের সভার কার্য বিবরণী প্রস্তুত করে সকল সদস্যদের মধ্যে বিতরণ করা হয়েছে এবং তা PMO-তেও | প্রক্রিয়া চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | প্রেরণ করা হয়েছে। | | | |
| খ) | WC গঠন ও কার্যকর রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ১৪ ধারা) | WC সদস্য সচিব জনাব মোঃ তাজুল ইসলাম জানান ত্রৈ-মাসিক ভিত্তিতে গত ২৫/১১/২০১৯ তারিখ হতে ০৫/১২/২০১৯ তারিখ পর্যন্ত ৯টি ওয়ার্ডের ৯টি WC সভা অনুষ্ঠিত হয়েছে । সভার কার্য বিবরণী প্রস্তুত করে সকল সদস্যদের মধ্যে বিতরণ করে PMO-তে প্রেরণ করা হয়েছে। | প্রক্রিয়া চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (সিভিল/পানি) | |
| গ) | নাগরিক সনদ (সিটিজেন চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন | নাগরিক সনদ (সিটিজেন চার্টার) চুড়ান্তভাবে হালনাগাদ করে পৌর এলাকার ৫টি গুরুত্বপূর্ণ জনবহুল স্থান যেমন ডিসির মোড়, বড় বাজার, কেন্দ্রীয় বাস টার্মিনাল, হাসপাতাল সংলগ্ন উকিলের মোড়, এবং পৌরসভা চত্তরে স্থাপন করা হয়েছে। প্রদর্শিত নাগরিক সনদ অনুযায়ী পৌরসভার যাবতীয় সেবা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। ফলে পৌর নাগরিক সেবা গ্রহণ যেমন সহজতর হয়েছে তেমনি পৌরবাসীও সেবার মুল্য প্রদানে উৎসাহী হয়েছে। | পার্শ্বে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে নাগরিক সনদ বিকৃত কিংবা নষ্ট হলে তাৎক্ষনিক ভাবে প্রতিস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব | |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ঘ) | তথ্য ও অভিযোগ প্রতিকার (সেল গঠন ও কার্যকর রাখা) | গত ১/১১/২০১২ ইং তারিখে পৌরসভা চত্বরে অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে। পৌরসভা সচিব জনাব মশিউর রহমান জানান অক্টোবর-ডিসেম্বর/১৯ইং মাসে ১০ টি অভিযোগ পাওয়া গেছে। তন্মধ্যে ৫ টি অভিযোগ বাক্সে জমা হয়েছে এবং ৫ টি অভিযোগ পৌরসভার বিভিন্ন ওয়ার্ড থেকে মুটোফোনের মাধ্যমে পাওয়া যায়। এ সমস্ত অভিযোগের মধ্যে মোট ৮টি অভিযোগ নিস্পত্তি করা হয়েছে। অত্র কমিটির সভাপতি জনাব মোঃ বাদশা আলমগীর জানান তথ্য ও অভিযোগ প্রতিকার সেল গঠন ও কার্যকর রাখার ফলে পৌরসভা ও পৌর নাগরিক এর মধ্যে একটি সম্পর্ক তৈরি হয়েছে যাতে করে সাধারণ মানুষ বুঝতে শিখেছে যে, পৌরসভা আসলেই একটি নাগরিক সেবাদানকারী প্রতিষ্ঠান। নাগরিক সমাজের প্রতিনিধি জনাব ডাঃ মহির উদ্দিন জানান এই অভিযোগ গুলি তাৎক্ষনিকভাবে নিস্পত্তি করা হচ্ছে বিধায় পৌরবাসীর মধ্যে নাগরিক সন্তুষ্টি বিদ্যমান রয়েছে। | সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে তাৎক্ষণিকভাবে নিস্পত্তি বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশল(বিদ্যৎ) /কনজারভেন্সি ইন্সপেক্টর | |

## ক্ষেত্র-২ ঃ নগর পরিকল্পনা(Urban Planning)।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ক) | পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন ও বাস্তবায়ন | পৌরসভার নির্বাহী প্রকৌশলী জনাব তারিক রেজা জানান যে, গত সভায় আলোচনা হয়েছিল যে, UGIIP-III প্রকল্পের আওতায় প্রথম Phase এর কাজ শেষ হয়েছে এবং ২য় Phase এ মোট ৩১ টি প্রকল্প বাস্তবায়নের জন্য ঠিকাদার নির্বাচন করা হয়েছে। তন্মধ্যে ২৫টি PDP হতে প্রকল্প গ্রহন করা হয়েছে এবং বাকী ৬ টি প্রকল্প TLCC সভায় অনুমোদন | সম্মানীত কাউন্সিলর গনের প্রস্তাবে UGIIP-III প্রকল্পের আওতায় প্রকল্পগুলির উন্নয়ন কাজ যথাসময়ে বাস্তবায়নের জন্য প্রস্তাব গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | পুর্বক গ্রহন করা হয়েছে। বর্তমানে ২৮ টি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। বাকী কাজগুলো নিদিষ্ট সময়ের মধ্যে সমাপ্ত করা হবে। উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ হামিদুর রহমান ও জানান যে, PDP ও সম্মানীত কাউন্সিলর,মহিলা কাউন্সিলর সমন্বনে W C মিটিং এর সিদ্ধান্ত মতে পৌরসভার বিভিন্ন ওয়ার্ডে কিছু রাস্তা ও ড্রেন নির্মানের জন্য প্রকল্প নির্বাচন করা হয়েছে যা ই জি টি টেন্ডারের মাধ্যমে আহবান করা হয়েছে বাকী কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। | | | |
| খ) | উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রণ | জনাব মোঃ দুদু মিয়া সহকারী প্রকৌশলী সদস্য সচিব নগর পরিকল্পনা ইউনিট জানান যে, নগর পরিকল্পনা ইউনিটের ত্রৈ-মাসিক সভা গত ২২/১২/২০১৯ তারিখে অনুষ্ঠিত হয় এবং সভার কার্য-বিবরণী সদস্য ও PMO তে প্রেরন করা হয়েছে। অক্টোবর-ডিসেম্বর/১৯ইং মাসে ৩৯ টি নকশা অনুমোদনের জন্য জমা হয় তন্মধ্যে পুর্বের জমাকৃত ১২ টি মোট ৫১ টি নকশার মধ্যে ১৪ টি নকশা অনুমোদন দেওয়া হয়েছে। অবশিষ্ট প্লান ত্রুটিপুর্ন থাকায় তা পর্যায়ক্রমে অনুমোদন দেওয়া হবে। | প্রক্রিয়া চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী | |
| গ) | বাজেট বরাদ্দসহ বার্ষিক O&M পরিকল্পনা প্রণয়ন | উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ হামিদুর রহমান জানান ২০১৯-২০২০ অর্থবছরে O&M খাতে ৬৯,৩২,৬০০/- বরাদ্দ রাখা রয়েছে। বরাদ্দ অনুযায়ী বাৎসরিক কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। চলতি কোয়ার্টারে অবকাঠামো রক্ষনাবেক্ষন কাজে ১৮,৭২,৩৭১/-টাকা ব্যয় করা হয়েছে। জুলাই/২০১৯ হতে ডিসেম্বর/২০১৯ পর্যন্ত সর্বমোট ব্যয় ৬৩,৬৯,৫১৮.০০ টাকা। ব্যয়ের হার ৯২%। নাগরিক সমাজের প্রতিনিধি জনাব খয়রাত হোসেন শাহ পৌরসভার উন্নয়নমুলক কাজ কেন বন্ধ আছে তা জানতে চান। সম্মানীত সদ্যের প্রশ্নের উত্তরে জনাব তারিক রেজা নির্বাহী প্রকৌশলী জনান বর্ষার কারনে সাময়িকভাবে কিছু কাজ ছিল বর্তমানে তা চলমান আছে। | ২০১৯-২০ অর্থ বছরে O&M খাতে বরাদ্দ অনুযায়ী যথাসময় ব্যয় করার গৃহীত হয়। | নির্বাহী/সহকারী প্রকৌশলী | |

**ক্ষেত্র-৩ ঃ নারী ও শহুরে জনগোষ্ঠীর সমতা ও অন্তর্ভুক্তি করণ (Equity and Inclusiveness of Women and Urban Poor) ।**

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ক) | জেন্ডার কর্ম পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠণ ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব জনাব মোঃ আফজালুল হক জানান ২৯/১০/১৯,২৮/১১/১৯,ও ১৮/১২/২০১৯ ইং তারিখে নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্টিত হয়। সভার কার্যবিবরনী তৈরী করে সদস্যদের মাঝে বিতরন করার কাজ চলমান আছে।<br>নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মোছাঃ নূরজাহান বেগম কাউন্সিলর ওয়ার্ড নং ৭,৮ ৯ বলেন জেন্ডার এ্যাকশন প্লান বাস্তবায়নের লক্ষ্যে অক্টোবর-ডিসেম্বর/১৯ইং ত্রৈমাসিকে নারীদের সচেতনতা বৃদ্ধির জন্য ৯টি ওয়ার্ডে ১৮টি উঠান বৈঠক করা হয়েছে।<br>তিনি আরও জানান ২০১৯-২০২০ অর্থবছরে GAP খাতে ১৫,১৬,৭০০.০০ টাকা বরাদ্দ রাখা হয়েছে। উক্ত টাকা GAP বাস্তবায়নের লক্ষে বাষিক কর্মপরিল্পনা প্রস্তুত করা হয়েছে। পরিকল্পনা অনুয়ায়ী চলতি কোয়ার্টারে অসহায় দরিদ্র নারীদের মাঝে চিকিৎসা/বিবাহ | পার্শ্বে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে বাষিক কর্মপরিল্পনা অনুযায়ী যথাসময়ে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | গঠিত কমিটির সদস্য সচিব | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | ২,০০০.০০ টাকা ও গরীব অসহায় নারীদের মাঝে আর্থিক সাহায্য বাবদ ২,০০০.০০ টাকা ও গরীব অসহায় নারীদের মাঝে শীতবস্ত্র বিতরন বাবদ ১,৯৫,৭৫০/-টাকা ব্যয় করা হয়েছে । সর্বমোট ১,৯৯,৭৫০.০০ টাকা ব্যয় করা হয়েছে। জুলাই/২০১৯ হতে ডিসেম্বর/২০১৯ পর্যন্ত সর্বমোট ব্যয় ২,০৯,৭৫০.০০ টাকা। ব্যয়ের হার ১৪%। দরিদ্র জনগোষ্টির প্রতিনিধি জানাবা নার্গিস ফারহানা বলেন এখনো শহরের অনেক জায়গায় ময়লা অর্বজনা ডাষ্টবিনে নাফেলে ড্রেনে,রাস্তার পাশ্বে ফেলে পরিবেশ নষ্ট করছে, ডাষ্টবিনে ময়লা ফেলার সচেতনতা আনার জন্য সকলের দৃষ্টি কামনা করেন। জেন্ডার এ্যাকশন প্লান এর সম্মানিত সভাপতি জনাবা মোছাঃ নূরজাহান বেগম বলেন আমরা প্রতিটি ওয়ার্ডে দুইটি করে উঠান বৈঠক করি এবং বৈঠকে জনগনকে সচেতন করার জন্য ময়লা আবর্জনা নিদিষ্ট স্থানে ফেলার,বাল্য বিবাহ না দেওয়া,ইফটিজিং রোধে পুলিশকে খবর দেওয়া,যথাসময়ে জন্মনিবন্ধন, নারীদের শিক্ষা,ইত্যাদি অনেক বিষয়ে আলোচান করি । | | | |
| খ) | দারিদ্র হ্রাসের কর্ম পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠণ ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | দারিদ্রহ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মোঃ কলিম উদ্দিন ওয়ার্ড নং ৮ জানান ২০১৯-২০২০ অর্থবছরে PRAP খাতে ২৯,০৯,৫০০/- টাকা বরাদ্দ রাখা হয়েছে। উক্ত টাকা PRAP বাস্তবায়নের লক্ষে বাষিক কর্মপরিল্পনা প্রস্তুত করা হয়েছে। দারিদ্রহ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সহযোগী সদস্য জনাব এস এম মোরশেদুল ইসলাম জানান ২৮/১০/১৯,২৭/১১/১৯,ও ১৯/১২/১৯ ইং তারিখে দারিদ্রহ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরনী তৈরী করে সদস্যদের মাঝে বিতরন করার কাজ চলমান আছে।<br>তিনি আরও জানান ২০১৯-২০২০ অর্থবছরে PRAP খাতে ২৯,০৯,৫০০/- টাকা বরাদ্দ রাখা হয়েছে। উক্ত টাকা PRAP বাস্তবায়নের লক্ষে বাষিক কর্মপরিল্পনা প্রস্তুত করা হয়েছে। পরিকল্পনা অনুয়ায়ী চলতি কোয়ার্টারে অসহায় দরিদ্র পুরুদের মাঝে চিকিৎসা ১৬,৩০০.০০ টাকা ও গরীব অসহায় পুরুদের মাঝে আর্থিক সাহায্য বাবদ ২০,০০০.০০ টাকা ও অসহায় পুরুদের মাঝে বিবাহ/বই ক্রয় বাবদ ২০,০০০.০০ টাকা ও গরীব অসহায় পুরুষদের মাঝে শীতবস্ত্র বিতরন বাবদ ৪,২১,৫০০/-টাকা ব্যয় করা হয়েছে। মোট ৪,৭৭,৮০০.০০ টাকা ব্যয় করা হয়েছে। জুলাই/২০১৯ হতে ডিসেম্বর/২০১৯ পর্যন্ত সর্বমোট ব্যয় ৪,৯২,১০০.০০ টাকা। ব্যয়ের হার ১৭%। কর্মপরিকল্প অনুয়ায়ী অবশিষ্ট টাকা যথা সময়ে ব্যয় করা হবে। | পার্শ্বে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে বাষিক কর্মপরিল্পনা অনুযায়ী যথাসময়ে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | গঠিত কমিটির সদস্য সচিব | |
| গ) | বস্তি উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বস্তি উন্নয়ন কমিটি (SIC) গঠণ | অত্র বস্তি সমূহে ২৮টি প্রাথমিক দল (Primary Group-PG) গঠন ও ৫টি বস্তি উন্নয়ন কমিটি (Slum Improvement Commitee-SIC) গঠন, সভার কাজ ও কমিউনিটি এ্যাকশন প্লান(ক্যাপ) প্রস্তুত এর কাজ শেষ হয়েছে এবং প্রতিটি বস্তি উন্নয়ন কমিটির ব্যাংক হিসাব খোলা হয়েছে । উক্ত ২৮টি প্রাথমিক দল (Primary Group-PG) ও ৫টি বস্তি উন্নয়ন কমিটি (Slum Improvement Commitee-SIC) নিয়মিত সভা অনুষ্টিত হচ্ছে এবং PMO- তে প্রেরণ করা হয়েছে। বস্তি উন্নয়নের জন্য প্রথম কিস্তি বাবদ ৫টি বস্তির বিপরীতে ৮০,৫২,৭৭৯/- টাকা পাওয়া গেছে উক্ত টাকা হতে SIC কমিটির হিসাবে ৬৫,৯৪,৯৬৪/- টাকা স্থানান্তর করা হয়েছে। বস্তির উন্নয়ন কাজ চলমান | প্রকল্প পরিচালক মহোদয়ের নির্দেশনা অনুযায়ী ৫টি বস্তি সমূহে প্রাইমারী দল ও বস্তি উন্নয়ন কমিটির মাসিক সভা চলমান রাখার বস্তি উন্নয়নের কাজ শুরু হয়েছে দ্রুত কাজ শেষ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | বস্তি উন্নয়ন কর্মকর্তা/ সদস্য সচিব | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | আছে। | | | |

## ক্ষেত্র-৪ ঃ স্থানীয় সম্পদ আহরণ বৃদ্ধি(Enhancement of Local Resource Mobilization) ।

।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৪ | ৫ | ৬ | |
| ক) | হোল্ডিং ট্যাক্স এর মাধ্যমে রাজস্ব আহরণ | চলতি ২০১৯-২০২০ অর্থ বছরে মোট হোল্ডিং সংখ্যা সরকারী ৫৯ টি ও বেসরকারী হোল্ডিং সংখ্যা ৮৮৯২ টি সর্বমোট ৮৯৫১ টি যাহার বিপরীতে সরকারী বকেয়া দাবী ৯,৫৫,৭৩৪.০০টাকা বেসরকারী বকেয়া দাবী ৮,০৬,২১৯.০০টাকা মোট বকেয়া দাবী ১৭,৬১,৯৫৩.০০টাকা ও সরকারী চলতি পৌরকর ১,৪৬,৫৩,৫২৭.০০টাকা, চলতি বেসরকারী পৌরকর দাবী ৭৬,৪৯,৪০৯.০০ টাকা মোট চলতি দাবী ২,২৩,০২,৯৩৬.০০ টাকা সর্বমোট দাবী ২,৪০,৬৪,৮৮৯.০০ টাকা যাহার বিপরীতে অক্টোবর-ডিসেম্বর/১৯ইং কোয়াটারে মোট ৫৬,৮৭,৬৮৯.০০ টাকা আদায় হয়েছে। জুলাই/২০১৯ হতে ডিসেম্বর/২০১৯ পর্যন্ত সর্বমোট আদায় ১,০৪,৪১,০৫৬.০০ টাকা। আদায়ের হার ২৪%। | পার্শ্বে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে বাষিক কর্মপরিল্পনা অনুযায়ী আদায় বৃদ্ধির জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | এ্যাসেসর (ভারঃ) ও কর আদায়কারী | |
| খ) | পরোক্ষ কর এবং ফি আদায়ের মাধ্যমে রাজস্ব আহরণ (হোল্ডিং ট্যাক্স ব্যতিত) | সভায় জনাব মোঃ মশিউর রহমান সচিব অবহিত করেন যে, চলতি ২০১৯-২০২০ অর্থবছরে মোট নিজস্ব অন্যান্য উৎস খাতের দাবী ৩,৪০,২০,১১৩/-টাকা । যাহার বিপরীতে অক্টোবর-ডিসেম্বর/১৯ কোয়ার্টারে আদায় হয়েছে ৫৩,৭৬,৩৯৫/-টাকা, জুলাই/২০১৯ হতে ডিসেম্বর/২০১৯ পর্যন্ত সর্বমোট আদায় ১,১৯,৫৫,২৬৫.০০ টাকা। আদায়ের হার ৩৫%। | পার্শ্বে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে বাষিক কর্মপরিল্পনা অনুযায়ী আদায় বৃদ্ধির জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব/<br>হিসাব রক্ষক/<br>হিসাব রক্ষণ কর্মকর্তা | |
| গ) | কম্পিউটারাইজড ট্যাক্স (কর) রেকর্ড ব্যবস্থার প্রবর্তনএবংকম্পিউটারের মাধ্যমে বিল প্রণয়ন | কম্পিউটারের মাধ্যমে ট্যাক্স বিলের যাবতীয় কার্যক্রম সম্পাদন করা হচ্ছে এবং কম্পিউটারের সফটওয়্যারের মাধ্যমে বিল প্রস্তুত করে গ্রাহকগণের নিকট বিল প্রদান করা হচ্ছে; যা গ্রাহকগণকে ব্যাংকের মাধ্যমে বিল পরিশোধ করছেন। চলতি কোয়ার্টারে গ্রাহকগণের নিকট মোট ৫৭৫১ টি বিল প্রিন্টপুর্বক প্রদান করা হয়েছে। | কম্পিউটারের মাধ্যমে ট্যাক্স বিল প্রদান এবং ব্যাংকের মাধ্যমে আদায় কার্যক্রম প্রক্রিয়া চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয় । | কর আদায়কারী | |
| ঘ) | পানির বিল নির্ধারণ ও সংগ্রহ | পানিশাখার বিলক্লাক জনাব দুলাল চন্দ্র রায় জানান যে, ২০১৯-২০২০ অর্থ বছরে চলতি পানি বিলের দাবী ১৪,৯৯,৪০০/- টাকা ও বকেয়া দাবী ২,৪১,০৮০/- টাকা মোট পানির বিল দাবী ১৭,৪০,৪৮০/- টাকা, যাহার বিপরীতে অক্টোবর-ডিসেম্বর/১৯ কোয়াটারে ১,৭৭,৬০০/- টাকা আদায় হয়েছে। জুলাই/২০১৯ হতে ডিসেম্বর/২০১৯ পর্যন্ত সর্বমোট আদায় ৩,১৫,৪৫০.০০ টাকা। আদায়ের হার ৩২%। কম্পিউটারের মাধ্যমে পানির বিল প্রদান এবং ব্যাংকের মাধ্যমে আদায় কার্যক্রম অব্যাহত আছে। পানির বিল আদায় কার্যক্রম আরো জোরদার করার জন্য ইতোমধ্যে মাইকিং ও প্রচার প্রচারনা চলমান আছে। | পার্শ্বে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে বাষিক কর্মপরিল্পনা অনুযায়ী আদায় বৃদ্ধির জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী/ বিল ক্লার্ক | |

## ক্ষেত্র-৫ ঃ আর্থিক ব্যবস্থাপনা, দায়বদ্ধতা ও স্থায়িত্বশীলতা(Financial Management, Accountability and Sustainability)

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ক) | অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে পৌরসভা বার্ষিক বাজেট প্রণয়ন (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | জনাব মোঃ আফজালূল হক ক্যাশিয়ার অবহিত করেন গত স্মারক নং এলজিইডি/পিডি/UGIIP-III/বি-০৩/২০১৪/৪৬৯(৩৬) তাং ২০/০৩/২০১৯ ইং তারিখে পত্র অনুযায়ী অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে UGIAP এ বর্নিত Advanced পর্যায়ের কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে ২০১৮-২০১৯ অর্থ বছরের সংশোধিত ও ২০১৯-২০২০ অর্থ বছরের বাজেট বরাদ্দ রেখে প্রস্তাবিত খসড়া বাজেট প্রণয়ন করার জন্য পত্র প্রেরন করেছন। পত্র অনুযায়ী গত ৩০/০৫/২০১৯ ইং তারিখ বিশেষ সভায় ও বিশেষ মাসিক সভায় আলোচনান্তে ২০১৯-২০২০ সনের জন্য আয় ৯০,৬৪,০৯,৮৪৮.০০টাকা ও ব্যয় ৯০,৬৪,০৪,৮০০.০০টাকা এবং প্রারম্ভিক উদ্ধৃত্ত সহ সমাপনী উদ্ধৃত্ত ২৬,৭৮,৯৯২.০০টাকা বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদন হয়। | অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে আগামী ২০১৯-২০২০ অর্থ বছরের খসড়া বাজেট প্রণয়ন,জনসাধারনের মতামতের জন্য নোটিশ বোর্ডে স্থাপন,বিশেষ TLCC-সভায় অনুমোদন ও পৌর পরিষদেসভায় চুড়ান্ত অনুমোদন সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি, অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি/সচিব/ হিসাব রক্ষক/ হিসাব রক্ষণ কর্মকর্তা | |
| খ) | অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে হিসাবের অডিট (নিরীক্ষা) সম্পন্ন করা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | জনাব মোঃ আফজালূল হক ক্যাশিয়ার জানান স্মারক নং এলজিইডি/পিডি/ UGIIP-III /এম-০২/২০১৫/১৩২(৩৫) তারিখ ১৯/০৬/২০১৯ইং পত্রের নির্দেশনা অনুযায়ী স্মারক নং ঃ নীলঃপৌঃসভা/রিপোর্ট/২০১৮-২০১৯/২২০ তারিখ ঃ ৩০/০৬/২০১৯ইং মোতাবেক পৌরসভা অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটি কর্তৃক অভ্যন্তরীন নিরীক্ষা সম্পন্ন করে ৩০/০৯/২০১৯ ইং তারিখে নিরীক্ষার প্রতিবেদন জমা প্রদান করার জন্য মেয়র মহোদয় পত্র ইস্যু করেন। উক্ত পত্র মোতাবেক অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটি কর্তৃক অভ্যন্তরীন নিরীক্ষা সম্পন্ন করে গত ১৯/০৯/২০১৯ ইং তারিখে রিপোর্ট জমা প্রদান করেছেন। উক্ত রিপোর্ট সম্পর্কে আলোচনা হয় এবং ধারা চলমান রাখার বিষয়ে একমত পোষন করেন। | চলতি ২০১৮-২০১৯ অর্থ বছর আয়-ব্যয় হিসাব অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে হিসাবের অডিট (নিরীক্ষা) সম্পন্ন করে P M O তে প্রেরনের এবং এ সম্পর্কীত কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | সভাপতি, অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটি/ হিসাব রক্ষক/ হিসাব রক্ষণ কর্মকর্তা | |
| গ) | কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারে প্রস্তুতকৃত হিসাব প্রতিবেদন প্রণয়ন | কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থার যাবতীয় কার্যক্রম সম্পাদন করা হচ্ছে এবং কম্পিউটারের সফটওয়্যারের মাধ্যমে প্রতি মাসে পূর্ববর্তী মাসের আয়-ব্যয়ের হিসাব সমূহ প্রিন্ট অন্তে মেয়র মহোদয় বরাবরে উপস্থাপন করা হয়। | প্রক্রিয়া চলমান রাখতে হবে। | হিসাব রক্ষক/ হিসাব রক্ষণ কর্মকর্তা | |
| ঘ) | বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধ | সভায় জনাব মোঃ এ বি এম গোলাম মোস্তফা হিসাব রক্ষণ কর্মকর্তা জানান বিদ্যুৎ বিল বাবদ জুন/১৯ পর্যন্ত বকেয়া নাই। চলতি অক্টোবর-ডিসেম্বর/১৯ কোয়াটারে ৪,৫১,৯০৮/- টাকার বিদ্যুৎ বিল পাওয়া গেছে এবং জুলাই/১৯ হতে ডিসেম্বর/২০১৯ পর্যন্ত মোট বিল ৮,৪০,৮৮৪.০০টাকা তাহার মধ্যে ডিসেম্বর/২০১৯ পর্যন্ত ৪,২৮,৩৮৭.০০ টাকা পরিশোধ করা হয়েছে। পরিশোধের হার ৫১%।<br>চলতি অক্টোবর-ডিসেম্বর/১৯ কোয়াটারে ২,০৮৫/- টাকার টেলিফোর বিল পাওয়া গেছে এবং জুলাই/১৯ হতে ডিসেম্বর/২০১৯ পর্যন্ত মোট বিল ৪,৭৩৩.০০ টাকা তাহার মধ্যে ডিসেম্বর/২০১৯ পর্যন্ত ৪,৭৩৩.০০ টাকা পরিশোধ করা হয়েছে। পরিশোধের হার ১০০%।<br>আগামী কোয়াটারের মধ্যে বকেয়াসহ চলতি বিদ্যুৎ টাকা পরিশোধ করার বিষয়ে আলোচনা হয়। | পার্শ্বে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে বিদ্যুৎ ও টেলিফোন বিল যথাসময়ে পরিশোধ করায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব/ হিসাব রক্ষক/ হিসাব রক্ষণ কর্মকর্তা | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ঙ) | স্থায়ী সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন | জনাব মোঃ মেজবাহুনুর লুলু ভান্ডার রক্ষক জানান সকল স্থায়ী সম্পদের তালিকা নিয়মিত হালনাগাদ করে পৌরসভার রেজিষ্টারে লিপিবদ্ধ করা হচ্ছে। সফটওয়্যারের মাধ্যমে স্থায়ী সম্পদ সমূহ কম্পিউটারে ১০০% এন্ট্রি করা হয়েছে এবং আগামীতে সকল স্থায়ী সম্পদের হিসাব-নিকাশ কম্পিউটারের মাধ্যমে রাখর জন্য আলোচনা হয়। স্থায়ী সম্পদের অবচয়ের জন্য পৃথক ব্যাংক হিসাব খোলা হয়েছে যাহার হিসাব নং এস টি ডি-৭৩ উত্তরা ব্যাংক লিঃ নীলফামারী শাখা, নীলফামারী । চলতি কোয়াটারে স্থায়ী সম্পদের অবচয়ের জন্য পৃথক ব্যাংক হিসাবে ১,০০,০০০.০০ জমা করা হয়েছে। জমাকৃত টাকার সহ সর্বমোট স্থিতির পরিমান ৫,৮৭,৪৩৫.৯১ টাকা। | প্রক্রিয়া চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয় এবং আগামীতে এ ধারা অব্যাহৃত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | প্রধান সহকারী/ হিসাব রক্ষক/ভাডার রক্ষক/ হিসাব রক্ষণ কর্মকর্তা | |
| চ) | সকল সরকারি ঋণ পরিশোধ | সভায় জনাব মোঃ এ বি এম গোলাম মোস্তফা হিসাব রক্ষণ কর্মকর্তা জানান BMDF এর ঋনের কিস্তি জুন/২০১৯ পর্যন্ত বকেয়া নাই, জুলাই-সেপ্টেম্ব/১৯ কোয়াটারে ৩,২৫,৬৫৭/- ও অক্টোবর-ডিসেম্বর/১৯ কোয়াটারে ৩,২২,০৭৮.০০ টাকা সর্বমোট ৬,৪৭,৭৩৫.০০ টাকা পরিশোধ করা হয়েছে। পরিশোধের হার ১০০% | পার্শ্বে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে BMDF এর ঋনের কিস্তি যথাসময়ে পরিশোধ জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | সচিব/হিসাব রক্ষণ কর্মকর্তা | |

**ক্ষেত্র-৬ ঃ প্রশাসনিক স্বচ্ছতা।(Administrative Transparency)**

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ক) | স্থায়ী কমিটি গঠণ ও কার্যকর রাখা (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | জনাব মোঃ মশিউর রহমান সচিব জানান চলতি কোয়াটারে ১৩টি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার আলোচনা, সুপারিশ ও সিদ্ধান্ত সমুহ পর্যালোচনা করা হয় এবং তা বিস্তারিত আলোচনা ও প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণের জন্য TLCC ও পৌর পরিষদের সভায় উত্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রক্রিয়া চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল স্থায়ী কমিটির সভাপতি ও সদস্য সচিব | |
| খ) | সকল প্রশিক্ষণ কর্মসূচীতে অংশগ্রহণ সহায়তা প্রদান নিশ্চিতকরণ | সভায় অবহিত করা হয় যে, পৌরসভা কর্তৃক পৌরসভার সকল কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষনের ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও, সকল প্রশিক্ষণ কর্মসূচীতে স্বতঃষ্ফুর্ত অংশগ্রহণ নিশ্চিত করা হয় এবং পৌরসভার সকল কমর্কর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণের নিমিত্তে ২০১৯-২০ অর্থ বছরে ১,৫০,০০০/- বাজেট রাখা হয়েছে। বাজেট পরিল্পনা অনুযায়ী চলতি কোয়াটারে ২৩,২০০/- টাকা ব্যয় করা হয়েছে। সর্বমোট ব্যয় হয়েছে ৩১,২০০.০০ টাকা। | আগামীতে এ ধারা অব্যাহৃত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় । | মেয়র/ সচিব | |
| গ) | সুশাসনের জন্য উন্নত তথ্য প্রযুক্তি/ IIT ব্যবহার | পৌরসভার ওয়েব সাইটে তথ্য আপলোডের কার্যক্রম অব্যাহত আছে এবং সিটিজেন চার্টারসহ অন্যান্য নাগরিক সুবিধার জন্য তথ্যাদি প্রদর্শন করা হচ্ছে। | প্রক্রিয়া চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব/ নির্বাহী প্রকৌশলী | |

## ক্ষেত্র-৭ ঃ পৌরসভার প্রয়োজনীয় সেবা সচল রাখা (Keeping Essential Pourashava Services Functional)

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ক) | বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা | মোঃ মশিউর রহমান সচিব জানান ২০১৯-২০২০ অর্থ বছরে বর্জ্য সংগ্রহ, অপসারণ, কর্মচারী বেতন,জ্বালানী ও অন্যান্য আনুসঙ্গিক খরচ বাবদ ৪১,০০,০০০/- টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে। বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা বিষয়ে ২০১৯-২০২০ অর্থ বছরে কার্যক্রমে কর্ম পরিকল্পনা করা হয়েছে এবং পরিকল্পনা অনুযায়ী অনুয়ায়ী চলতি কোয়ার্টারে ১৬,২৪,৬৭৬/- টাকা ব্যয় হয়েছে । জুলাই/২০১৯ হতে ডিসেম্বর/২০১৯ পর্যন্ত সর্বমোট ব্যয় ২৮,৪০,৮৭১.০০ টাকা। ব্যয়ের হার ৬৯%। T L C C সম্মানীত সদস্যদের সন্তুষ্টির মাত্রার হার ৬৬%। T L C C সম্মানীত সদস্য জনাব বাদশা আলমগীর জানান বর্জ্য সংগ্রহ, অপসারণ কাজে নিয়োজিত শ্রমিক ঠিকসময়মত তদারকি করা প্রয়োজন। | বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা খাতে আশানুরুপ ব্যয়, কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন হওয়ায় জন্য তদারকি জোরদার করনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় । | স্যানিটারী ইন্সপেক্টর/ কঞ্জারভেন্সি ইন্সপেক্টর | |
| খ) | ড্রেন পরিষ্কার ও রক্ষণা-বেক্ষণ | জনাব মোঃ মশিউর রহমান সচিব জানান ২০১৯-২০২০ অর্থ বছরে ড্রেন পরিষ্কার ও রক্ষণা-বেক্ষণ কর্মচারী বেতন,জ্বালানী ও অন্যান্য আনুসঙ্গিক খরচ বাবদ ৫৪,৫০,০০০/- টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে। ড্রেন পরিষ্কার ও রক্ষণা-বেক্ষণ বিষয়ে ২০১৯-২০২০ অর্থ বছরে কার্যক্রমে কর্ম পরিকল্পনা করা হয়েছে এবং পরিকল্পনা অনুয়ায়ী চলতি কোয়ার্টারে ১৬,৫৬,০৪৫/- টাকা ব্যয় হয়েছে । জুলাই/২০১৯ হতে ডিসেম্বর/২০১৯ পর্যন্ত সর্বমোট ব্যয় ৩৫,৯২,৮৫৯.০০ টাকা। ব্যয়ের হার ৬৬%। শহর দরিদ্রজনগোষ্ঠির প্রতিনিধি জনাব আবু তালেব জানান অনেকে এখনো ময়লা আবর্জনা ডাষ্টবিনে না ফেলে আশে-পার্শ্বে/ড্রেনে ফেলেন । পৌরসভা পুবের্র তুলনায় অনেক পরিচ্ছন্ন তবে ময়লা আবর্জনা ড্রেনে না ফেলার জন্য সচেতনামুলক র‌্যালি/মাইকিং করার মরামর্শ দেন । পেশাজিবী প্রতিনিধি জনাব ডাঃ মোস্তাফিজুর রহমান সবুজ পানি প্রবাহের জন্য বামন ডাঙ্গা নদী সংস্কারের আহবান করেন। TLCC র সন্তুষ্টির মাত্রা ৬৮%। | গত সভার সিদ্ধান্ত মোতাবেক ড্রেন পরিষ্কার ও রক্ষণা-বেক্ষণ এর জন্য তদারকি জোরদার করনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় । | সহকারী প্রকৌশলী/ স্যানিটারী ইন্সপেক্ট র | |
| গ) | সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থা | জনাব মোঃ মশিউর রহমান সচিব জানান ২০১৯-২০২০ অর্থবছরে সড়ক বাতি কার্যকর রাখার জন্য বিদ্যুৎ বিল,বৈদ্যুতিক দ্রবাদি ক্রয় ও অন্যান্য আনুসঙ্গিক খরচ বাবদ সংশোধিত ২৩,০০,০০০/- টাকা বরাদ্দ রাখা হয়েছে। সড়ক বাতি কার্যক্রমে এক বছরের কর্ম পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং পরিকল্পনা অনুযায়ী চলতি কোয়ার্টারে ৭,০৭,৯৯১/- টাকা ব্যয় হয়েছে । জুলাই/২০১৯ হতে ডিসেম্বর/২০১৯ পর্যন্ত সর্বমোট ব্যয় ৮,১৮,৩৩১.০০ টাকা। ব্যয়ের হার ৩৬% ।TLCC র সন্তুষ্টির মাত্রা ৬৮%। | জরুরী ভিত্তিতে সড়ক বাতি প্রতিস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় । | উপ-সহকারী প্রকৌশলী(কিদ্যুৎ)/বাতি পরিদর্শক/বিদ্যুৎ মিস্ত্রি | |
| ঘ) | অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile | সভায় জনাব মোঃ হামিদুর রহমান উপ-সহকারী প্রকৌশলী জানান ২০১৯-২০২০ অর্থবছরে অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile | উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও মেরামতের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী/ সহকারী প্রকৌশলী | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | Maintenance Team গঠণ এবং কার্যকরি করণ | Maintenance Team গঠণ এবং কার্যকর বাবদ ৬,৫০,০০০/- টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে। অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team কার্যক্রমে এক বছরের কর্ম পরিকল্পনা অনুয়ায়ী চলতি কোয়ার্টারে ১,৩৮,০৫০/- টাকা ব্যয় হয়েছে। জুলাই/২০১৯ হতে ডিসেম্বর/২০১৯ পর্যন্ত সর্বমোট ব্যয় ২,২০,০৬৫.০০ টাকা। ব্যয়ের হার ৩৪%। TLCCর সন্তুষ্টির মাত্রা ৬৮% | | | |
| ঙ) | স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনা | সভায় জনাব মোঃ মর্তুজ আলী স্যানিটারী ইন্সপেক্টর জানান ২০১৯-২০২০ অর্থ বছরে স্যানিটেশন কার্যক্রমের বাবদ ৫,০০,০০০/- টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে। স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনায় এক বছরের কর্ম পরিকল্পনা অনুয়ায়ী চলতি কোয়ার্টারে ৬৬,০০০/- টাকা ব্যয় হয়েছে। জুলাই/২০১৯ হতে ডিসেম্বর/২০১৯ পর্যন্ত সর্বমোট ব্যয় ১,১২,১৭৬.০০ টাকা। ব্যয়ের হার ২২%। T L C C সম্মানীত সদস্য দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাবা শিউলি ভৌমিক বলেন গাছবাড়ী বাসষ্টান্ডে নারী বান্ধব পাবলিক টয়লেট স্থাপন করা প্রয়োজন। TLCCর সন্তুষ্টির মাত্রা ৬৮% | স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনা খাতে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে স্যানিটেশন কার্যক্রমের প্রক্রিয়া চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত। । | সহকারী প্রকৌশলী/ স্যানিটারী ইন্সপেক্টর | |

সম্মানীত মেয়র মহোদয় প্রতিটি সদস্যের বিভিন্ন দাবী ও পরামর্শ গুরুত্ব সহকারে শুনে তাৎক্ষনিক সমাধানের আশ্বাস প্রদান করেন এবং যেগুলি বাস্তবায়নের সিদ্ধান্ত নেওয়া হয়েছে সে গুলির ব্যাপারে টিএলসিসি সদস্যদের অবহিত করেন।

অত:পর সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত TLCC'র সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মশিউর রহমান)
সদস্য সচিব(TLCC)
নীলফামারী **পৌরসভা**

(দেওয়ান কামাল আহমেদ)
মেয়র
নীলফামারী **পৌরসভা**

সম্মারক নং- নীঃ পৌঃ সভা/সাধা-নথি/২০১৯-২০২০/ তারিখঃ- ২৬/১২/২০১৯ ইং

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলঃ**

১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ সেক্টর প্রকল্প, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

৩। টিম লিডার, জিআইসিডি, GICD , UGIIP-III, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

৪। জনাব/বেগম..........................................................সদস্য/সদস্য-সচিব, শহর সমন্বয় কমিটি (TLCC), নীলফামারী **পৌরসভা**

৫। অফিস নথি।

(মোঃ মশিউর রহমান)
সদস্য সচিব(TLCC)
নীলফামারী **পৌরসভা**

(দেওয়ান কামাল আহমেদ)
মেয়র
নীলফামারী **পৌরসভা**